



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৯.১৩.০২৩.০৯(অংশ)-৫৪৪

তারিখঃ ২৩ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
০৭ সেপ্টেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ


বিষয়ঃ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সাবেক সংযুক্ত কর্মকর্তা (জেলা জজ) জনাব মোঃ সাদিকুল ইসলাম তালুকদার এর অনুকূলে এককালীন অর্জিত ছুটির নগদায়ন (Lump Grant) মঞ্জুর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সাবেক সংযুক্ত কর্মকর্তা (জেলা জজ) জনাব মোঃ সাদিকুল ইসলাম তালুকদার এর গত ০৯.০৮.২০২০ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে মুক্তিযোদ্ধা গণকর্মচারীর পরিবর্তে সরকারি কর্মচারী হিসেবে চাকরির মেয়াদ ৫৯ বছর গণ্য করে তাঁকে Public Servants (Retirement) (Amendment) Act, 2010 (Act No. XII of 1974) এর ধারা ৪ এর বিধান মতে ৫৯ বছর পূর্তিতে ২৮.০২.২০১৮ খ্রি. তারিখ সরকারি চাকরি হতে ভূতাপেক্ষভাবে অবসর মঞ্জুর করা হয়েছে। জনাব মোঃ সাদিকুল ইসলাম তালুকদার এর মূল বেতন টাকা=৭৮,০০০/- (আটাত্তর হাজার) হওয়ায় ও পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি মঞ্জুরের পর ১৮ (আঠারো) মাসের অধিক ছুটি পাওনা থাকায় অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ (বাস্তবায়ন অনুবিভাগ) এর ১৩ এপ্রিল, ২০১৬ খ্রি. তারিখের এস.আর.ও. নং ৯৭-আইন/২০১৬ মোতাবেক জারিকৃত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৬ এর ১০(২)(খ) অনুচ্ছেদ অনুসারে তাঁকে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ টাকা (৭৮,০০০x ১৮)=১৪.০৪,০০০/- (চৌদ্দ লক্ষ চার হাজার) অর্জিত ছুটির নগদায়ন (Lump Grant) হিসাবে পরিশোধের ব্যয় মঞ্জুরী প্রদান করা হলো।

০২। এই ব্যয় ২০২০-২০২১ অর্থ বছরের ১২১০১০১১০৪৪১৯ সচিবালয়-৩১১১০১ নং খাতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হতে সংকুলান করা হবে।

০৩। মুক্তিযোদ্ধা কর্মচারী হিসেবে ইতোপূর্বে তাঁর গৃহীত বেতন-ভাতাদিসহ অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্য ল্যাম্পগ্রান্ট ও পেনশন সুবিধাদির সাথে সমন্বয় করার জন্য হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

০৪। ভবিষ্যতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জনাব মোঃ সাদিকুল ইসলাম তালুকদার-কে মুক্তিযোদ্ধা গণকর্মচারী হিসেবে গণ্য করা হলে তাঁর চাকরির মেয়াদ ৬০ (ষাট) বছর গণ্য করে বিধি মোতাবেক তাঁকে পিআরএলসহ আর্থিক সুবিধাদি প্রদান করা হবে।



(তৈয়বুল হাসান)

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)

Email : section5@lawjusticediv.gov.bd

ফোন: ৯৫৭৭৪২০

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

হিসাব ভবন, কক্ষ নং-৫০৬, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. জনাব মোঃ সাদিকুল ইসলাম তালুকদার, সংযুক্ত কর্মকর্তা (জেলা জজ), আইন ও বিচার বিভাগ।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-৩/৪), আইন ও বিচার বিভাগ।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫. হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৬. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অফিস কপি।